অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/27/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ঘোষণা করেছেন যে MTA ফ্রন্টলাইন কর্মীদের জন্য স্বেচ্ছাসেবী COVID-19 স্ক্রিনিং প্রোগ্রাম চালু করবে

প্রতি সপ্তাহে 2,000 ফ্রন্টলাইন NYC ট্রানজিট, LIRR, মেট্রো-নর্থ এবং ব্রিজ এবং টানেল কর্মীদের সাথে রোটেটিং ফিল্ড লোকেশন, মেডিকেল অ্যাসেসমেন্ট এবং অকুপেশনাল হেল্থ সার্ভিস সেন্টারে বিনামূল্যে COVID পরীক্ষা প্রদান করা হবে

নতুন প্রোগ্রামটি নিউ ইয়র্ক মেট্রোপলিটন অঞ্চলের নর্থওয়েল হেল্থ-গোহেলথ জরুরি সেবার মাধ্যমে বিনামূল্যে উপলভ্য পরীক্ষার পরিপূরক

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে মেট্রোপলিটান ট্রান্সপোর্টেশন অথরিটি (Metropolitan Transportation Authority, MTA) ফ্রন্টলাইন কর্মীদের জন্য একটি স্বেচ্ছাসেবী COVID-19 স্ক্রিনিং প্রোগ্রাম শুরু করবে। এই নতুন উদ্যোগের আওতায়, রোটেটিং ফিল্ড লোকেশন এবং মেডিকেল অ্যাসেসমেন্ট এবং অকুপেশনাল হেল্থ সার্ভিস সেন্টারে বিনামূল্যে COVID পরীক্ষা প্রদান করা হবে ফ্রন্টলাইন NYC ট্রানজিট, লং আইল্যান্ড রেল রোড (Long Island Rail Road, LIRR), মেট্রো-নর্থ এবং ব্রিজ এবং টানেল কর্মীদের জন্য। এই কর্মসূচির প্রাথমিক পর্যায়ে প্রতি সপ্তাহে 2,000 ফ্রন্টলাইন MTA কর্মীকে স্ক্রিন করা হবে- দেশের প্রথম ট্রানজিট ওয়ার্কার স্ক্রিনিং উদ্যোগ।

"আমাদের সাহসী ফ্রন্টলাইন ট্রানজিট কর্মীরা এই মহামারীর সময় প্রতিদিন নিউ ইয়র্কবাসীদের একটি অপরিহার্য সেবা প্রদানের জন্য তাদের জীবনের ঝুঁকি নিয়েছে, এবং আমাদের অবশ্যই তাদের সমর্থন করতে হবে যেমন তারা আমাদের সমর্থন করেছে," **গভর্নর কুওমো বলেছেন।** "এই নতুন স্বেচ্ছাসেবী স্ক্রিনিং প্রোগ্রাম নিউ ইয়র্কের জাতীয় নেতৃস্থানীয় COVID পরীক্ষা কর্মসূচীকে কাজে লাগিয়ে আমাদের ফ্রন্টলাইন কর্মীদের এই অভূতপূর্ব মহামারীর সময় নিরাপদ রাখতে সাহায্য করবে।"

নতুন পরীক্ষা কার্যক্রম শুরু হবে প্রাথমিক পর্যায়ে ফ্রন্টলাইন কর্মীদের লক্ষ্য করে একটি ত্রিমুখী পদ্ধতির মাধ্যমে:

1. ফিল্ড সাইট: নিউ ইয়র্ক স্টেট কর্তৃক নির্মিত হট স্পট এবং ক্লাস্টার জোন নির্ধারণের উপর ভিত্তি করে MTA অকুপেশনাল হেল্থ সার্ভিস দ্বারা নির্ধারিত বাস ডিপো এবং সাবওয়ে এবং রেলওয়ে ট্রেন ইয়ার্ডসহ রোটেটিং ফিল্ড লোকেশনে অন-সাইট পরীক্ষা প্রদান করা হবে।

2. মেডিকেল অ্যাসেসমেন্ট সেন্টার (Medical Assessment Centers, MAC) এবং অকুপেশনাল হেল্থ সার্ভিস (Occupational Health Services, OHS) সুবিধা: MAC বা OHS সুবিধা পরিদর্শনের জন্য নির্ধারিত সকল কর্মচারীকেও স্বেচ্ছাসেবী পরীক্ষার প্রস্তাব দেওয়া হবে।
3. নর্থওয়েল হেলথের সাথে বিদ্যমান অংশীদারিত্ব: উপরন্তু, নিউ ইয়র্ক মেট্রোপলিটন অঞ্চল জুড়ে নর্থওয়েল হেল্থ-গোহেলথ জরুরি সেবা কেন্দ্রে MTA কর্মীদের জন্য বিনামূল্যে ডায়াগনস্টিক পরীক্ষা পাওয়া যায়।

"MTA শ্রমিকদের নিরাপত্তায় জাতিকে নেতৃত্ব প্রদান করে যাচ্ছে এবং নতুন COVID-19 স্ক্রিনিং প্রোগ্রাম এই অভূতপূর্ব জনস্বাস্থ্য জরুরি অবস্থার সময় কর্মীদের নিরাপত্তার প্রতি এই দৃঢ় অঙ্গীকারের সাম্প্রতিকতম উদাহরণ," **MTA চেয়ারম্যান এবং প্রধান নির্বাহী কর্মকর্তা প্যাট্রিক জে. ফয় বলেন।** "ভাইরাস আসার পর থেকে আমাদের কর্মীরা নিউ ইয়র্কের মেরুদণ্ড হিসাবে কাজ করেছে। আমাদের সকল সুবিধায় একটি নিরাপদ কাজের পরিবেশ তৈরি করা একটি প্রথম অগ্রাধিকার।"

"আমি সকল কর্মীদের এই গুরুত্বপূর্ণ নতুন প্রোগ্রামের সুযোগ নিতে জোরালোভাবে অনুরোধ করছি কারণ এটি আমাদের এই ভাইরাস শনাক্ত করতে এবং এর সংক্রমণ বন্ধ করতে সাহায্য করবে," **MTA চিফ সেফটি অফিসার প্যাট্রিক ওয়ারেন বলেছেন।** "আমরা জানি যে অ্যাসিম্পটোম্যাটিক স্প্রেড এই ভাইরাসের সাথে একটি সত্যিকারের উদ্বেগের বিষয় এবং কর্মক্ষেত্রে একে অপরকে সুরক্ষিত রাখতে আমাদের সবাইকে অবদান রাখতে হবে। আমি পরিশ্রমী MTA কর্মীদের ধন্যবাদ জানাতে চাই আমাদের সবচেয়ে কঠিন সময়ে এই শহরকে সচল রাখার জন্য।"

"এই ধরনের স্ক্রিনিং প্রোগ্রাম আমরা চাইছিলাম এবং TWU লোকাল 100 এর সদস্যকে সম্ভাব্য দ্বিতীয় ওয়েভ থেকে রক্ষা করার ক্ষেত্রে এটি একটি বিশাল পদক্ষেপ," **TWU লোকাল 100 প্রেসিডেন্ট টনি উতানো বলেছেন।** "আমরা এর বাস্তবায়ন নিবিড়ভাবে পর্যবেক্ষণ করব কিন্তু আমরা কৃতজ্ঞ যে এই ধরনের স্কেলে পরীক্ষা এবং স্ক্রিনিং এর জন্য আমাদের অনুরোধ শোনা হয়েছে।"

স্মার্ট জেনারেল চেয়ারম্যান অ্যান্থনি সাইমন বলেন, "এই পরীক্ষা কর্মসূচী ভাইরাস শনাক্ত করা, এর বিস্তার বন্ধ করা এবং আমাদের পরিশ্রমী ভাই বোনদের রক্ষা করার জন্য আমাদের প্রচেষ্টার একটি পরবর্তী পদক্ষেপ, যারা মহামারী জুড়ে বীরত্বের সাথে এই অঞ্চলের সেবা করেছে। স্মার্ট এই গুরুত্বপূর্ণ উদ্যোগে MTA 'র সাথে কাজ করতে উদগ্রীব।"

ATU লোকাল 726 এর প্রেসিডেন্ট ড্যানি ক্যাসেলা বলেছেন, "এই কর্মসূচীকে একত্রিত করার জন্য আমি গভর্নর এবং MTA কে ধন্যবাদ জানাই। COVID স্ক্রিনিং বা তাপমাত্রা গ্রহণ করা আমাদের সদস্য এবং জনগণের জন্য একটি ইতিবাচক ব্যাপার।"

IBT সেক্রেটারি কোষাধ্যক্ষ এফ. ক্রিস্টোফার সিলভারা বলেন, "সকল MTA কর্মীদের জন্য বিনামূল্যে এবং স্বেচ্ছাসেবী COVID-19 পরীক্ষা উপলভ্য করার জন্য IBT MTA -এর প্রচেষ্টাকে সম্পূর্ণভাবে সমর্থন করে। আমরা বুঝতে পেরেছি যে সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন

(Centers for Disease Control and Prevention, CDC) নিউ ইয়র্ক স্টেট এবং শহরের স্বাস্থ্য কর্মকর্তা এবং জনস্বাস্থ্য বিশেষজ্ঞরা সুপারিশ করছেন যে ঘন ঘন পরীক্ষা কর্মীদের স্বাস্থ্য এবং কল্যাণ এবং তাদের পরিবারের জন্য সবচেয়ে উপকারী। MTA এবং এর বিক্রেতা বায়োরেফারেন্স ল্যাবরেটরিজ এবং কোয়েস্ট ডায়াগনস্টিকস-এর সাথে অংশীদার হতে পেরে আমরা আনন্দিত যারা আমাদের কর্মীদের জন্য COVID-19 স্ক্রিনিং পরীক্ষা করবে। এটি একটি সত্যিকারের দলগত প্রচেষ্টা এবং আমরা আমাদের কঠোর পরিশ্রমী রেলকর্মীদের অংশগ্রহণের সুপারিশ করব।"

MTA বায়োরেফারেন্স ল্যাবরেটরিজ এবং কোয়েস্ট ডায়াগনস্টিকস-এর সাথে যৌথভাবে পরীক্ষা করছে। এই কর্মসূচির প্রাথমিক পর্যায়ে প্রতি সপ্তাহে দুই হাজার কর্মী পরীক্ষা করার লক্ষ্য থাকবে, যার মধ্যে ফ্রন্টলাইন কর্মীদের 15% পর্যন্ত পরীক্ষা করা হবে। COVID-19 স্ক্রিনিং প্রোগ্রাম নির্বাচিত ফিল্ড লোকেশন, MAC এবং OHS সুবিধা থেকে শুরু হবে এবং অতিরিক্ত সাইটে সম্প্রসারিত করা হবে এবং আগামী সপ্তাহগুলোতে স্কেল করা হবে। যদি ইতোমধ্যে পরিদর্শনের জন্য নির্ধারিত না থাকে তাহলে কর্মীদের অবশ্যই একটি MAC বা OHS সাইটে আসার জন্য নিবন্ধন করতে হবে।

"MTA কর্মীরা যাতে নিরাপদ এবং সুস্থ থাকেন তা নিশ্চিত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ," **বায়োরেফারেন্স ল্যাবরেটরির এক্সিকিউটিভ চেয়ারম্যান জন আর. কোহেন, এমডি বলেন।** "COVID-19 মুক্ত সুস্থ কর্মীদল আমাদের এই ভাইরাসের বিস্তার বন্ধ করতে এবং লক্ষ লক্ষ নিউ ইয়র্কবাসীকে নিরাপদে এগিয়ে নিয়ে যেতে সাহায্য করবে।"

"কোয়ালিটি COVID-19 পরীক্ষা আমাদের দেশের ফ্রন্টলাইন কর্মীদের যতটা সম্ভব নিরাপদে কাজ করতে সাহায্য করার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ," **বলেন ওয়েন্ডি এস মাডার, কোয়েস্ট ডায়াগনস্টিকের নিয়োগকর্তা জনসংখ্যা স্বাস্থ্য প্রোগ্রামের নির্বাহী পরিচালক।** "নিউ ইয়র্কের MTA কর্মীরা প্রতিদিন তাদের স্বাস্থ্য বাজী রাখছে যাতে আমরা বাকিরা মহামারীর সময় যেখানে যাওয়া দরকার সেখানে পৌঁছাতে পারি। নিউ ইয়র্ক ট্রাই স্টেট এলাকায় গভীর শিকড় বিশিষ্ট একটি সংগঠন হিসেবে, কোয়েস্ট ডায়াগনস্টিকস এই জটিল সময়ে আমাদের COVID-19 পরীক্ষা থেকে অন্তর্দৃষ্টি প্রদান করে NY MTA -এর নায়কদের সমর্থন করতে গর্বিত না হয়ে পারে না।"

পরীক্ষা হবে RT-PCR এবং নেজাল সোয়াব পরিচালনা করতে প্রায় পাঁচ মিনিট সময় লাগবে। প্রোগ্রামটি স্বেচ্ছাসেবী, কিন্তু অংশগ্রহণ দৃঢ়ভাবে সুপারিশ করা হয়। স্বাভাবিক পরিস্থিতিতে 48 ঘন্টার মধ্যে ফলাফল পাওয়া যাবে এবং কর্মীরা সেই সময়সীমায় তাদের ফলাফল পাবেন।

প্রোগ্রামটি এখন থেকে নভেম্বর পর্যন্ত নিম্নলিখিত অবস্থানে শুরু হবে:

- ইস্ট নিউ ইয়র্ক বাস ডিপো
- ফ্ল্যাটবুশ বাস ডিপো
- জ্যাকি গ্লিসন বাস ডিপো
- উলমার পার্ক বাস ডিপো
- বাইসলি পার্ক বাস ডিপো

- কেসি স্টেঙ্গেল ডিপো
- কলেজ পয়েন্ট ডিপো
- ফার রকওয়ে ডিপো
- জ্যামাইকা ডিপো
- জেএফকে ডিপো
- লাগার্ডিয়া ডিপো
- কুইন্স ভিলেজ ডিপো
- স্প্রিং ক্রিক বাস ডিপো
- ফ্রেশ পন্ড
- গ্র্যান্ড অ্যাভিনিউ
- ইস্টচেস্টার ডিপো
- গান হিল ডিপো
- কিংসব্রিজ ডিপো
- ওয়েস্ট ফার্মস ডিপো
- ইয়ঙ্কার্স ডিপো
- মাদার ক্লারা হেল ডিপো
- ম্যানহাটনভিল ডিপো
- মাইকেল জে কুইল
- টাস্কেগি এয়ারমেন (100তম সেন্ট)
- ক্যাসেলটন ডিপো
- চার্লসটন ডিপো
- মেরেডিথ ডিপো
- ইউকন ডিপো
- মেডিকেল অ্যাসেসমেন্ট সেন্টার 1
- মেডিকেল অ্যাসেসমেন্ট সেন্টার 3
- মেডিকেল অ্যাসেসমেন্ট সেন্টার 5, কোনি আইল্যান্ড ইয়ার্ড
- OHS গ্রেবার ফ্যাসিলিটি (MNR)
- OHS মাইনোলা ফ্যাসিলিটি (LIRR)
- 207 তম স্ট্রিট ইয়ার্ড
- হিলসাইড ইয়ার্ড (LIRR)
- ক্রোটন-হারমন (MNR)

COVID-19 এর উপসর্গের সম্মুখীন কর্মীদের অবিলম্বে তাদের ব্যক্তিগত চিকিৎসকের সাথে দেখা করা উচিত অথবা স্থানীয় পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা করা উচিত।

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেল্থ (Department of Health, DOH)-এ, অথবা NYS COVID-19 হটলাইনে 1-888-364-3065 নম্বরে ফোন করে পরীক্ষার তথ্য পাওয়া যাবে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন